দৈনিক বাংলা

তারিখ 23 OCT 1992
পৃষ্ঠা ৩ কলাম ২

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৬ কোটি টাকার গবেষণা প্রকল্প

নিজস্ব সংবাদদাতা : ময়মনসিংহ, ২১ অক্টোবর।—বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যা-লয়ে ৫ বছর মেয়াদী গবেষণার ক্ষেত্রে ২৬ কোটি টাকারও বেশী মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানান, কৃষিক্ষেত্রে প্রযুক্তি ও পদ্ধতি উদ্ভাবন ছাড়াও দেশের প্রধান কৃষি সমস্যার সমাধান এবং গবেষণা পদ্ধতি উন্নয়নের মাধ্যমে কৃষি গবেষক ও বিজ্ঞানীদের দক্ষতা বৃদ্ধিই এই মহাপরিকল্পনার লক্ষ্য।

সূত্রটি জানান, এই মহাপরিকল্পনার অধীনে বিশ্ববিদ্যালয়ের সর্বমোট ২৪১টি গবেষণা প্রকল্প পরিচালিত হবে। এগুলোর মধ্যে রয়েছে শস্য উৎপাদন, উন্নয়ন ও সংরক্ষণ বিষয়ে ৮০টি প্রকল্প, পশু উৎপাদন উন্নয়ন ও সংরক্ষণ বিষয়ে ৮৮টি প্রকল্প, মৎস্য উন্নয়নে ১৯টি প্রকল্প, কৃষি যন্ত্রায়ন ২৯টি প্রকল্প, আর্থ সামাজিক ব্যবস্থাপনা বিষয়ে ১৩টি খামার ব্যবস্থা উন্নয়ন বিষয়ে ১১টি এবং সম্প্রসারণ কর্মকৌশল বিষয়ে ৪টি প্রকল্প।

এই মহাপরিকল্পনায় একটি কেন্দ্রীয় গবেষণা ল্যাবরেটরী প্রতিষ্ঠাসহ অনুসঙ্গীয় ল্যাবরেটরীসমূহ ও পরীক্ষামূলক মাঠ গবে-ষণাগারসমূহের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, অডিও ভিজুয়াল যন্ত্রপাতি, কম্পিউটার নেটওয়ার্ক স্থাপন ও ইউটিলিটি সার্ভিসের উন্নয়ন সাধনের প্রস্তাব রাখা হয়েছে।